

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিকার্যকালীন
www.ecs.gov.bd

তারিখ: ০৭ নভেম্বর, ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ মঙ্গলবার রংপুর সিটি কর্পোরেশন এর সাধারণ নির্বাচন এবং ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ৫টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এসকল নির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ করা হবে। সকাল ৮.৩০ মিনিট থেকে বিকাল ৪.৩০ মিনিট পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলবে। রংপুর সিটি কর্পোরেশন এবং ৫টি পৌরসভার সকল ভোটকেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করে কেন্দ্রীয়ভাবে নির্বাচন কমিশন সচিবালয় হতে ভোটের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে।

রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনের বিস্তারিত তফসিল নিম্নরূপ :

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ : ২৯ নভেম্বর ২০২২, মঙ্গলবার

মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ : ০১ ডিসেম্বর ২০২২, বৃহস্পতিবার

মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ : ০৮ ডিসেম্বর ২০২২, বৃহস্পতিবার

ভোটগ্রহণের তারিখ : ২৭ ডিসেম্বর ২০২২, মঙ্গলবার

রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন জনাব মোঃ আব্দুল বাতেন, মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা। রংপুর সিটি কর্পোরেশন নির্বাচনে মোট ভোটকেন্দ্রের সংখ্যা ১৯৩টি, সাধারণ ওয়ার্ড ৩৩টি, সংরক্ষিত ওয়ার্ড ১১টি এবং ভোটার সংখ্যা ৩ লক্ষ ৯৩ হাজার ৯৯৪ জন।

০৫টি পৌরসভা নির্বাচনের বিস্তারিত সময়সূচি নিম্নরূপ :

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ : ০১ ডিসেম্বর ২০২২, বৃহস্পতিবার


মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ : ০৩ ডিসেম্বর ২০২২, শনিবার

মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ : ১০ ডিসেম্বর ২০২২, শনিবার

ভোটগ্রহণের তারিখ : ২৯ ডিসেম্বর ২০২২, বৃহস্পতিবার

পৌরসভা ৫টি হলো (১) বাঘা, রাজশাহী (২) বিরল, দিনাজপুর (৩) বোদা, পঞ্চগড় (৪) আলফাডাঙ্গা, ফরিদপুর এবং (৫) বনপাড়া, নাটোর।

এছাড়া, পৌরসভা নির্বাচনের একই তফসিলে ৪৮টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং বিভিন্ন পদে ১৮টি ইউনিয়ন পরিষদের উপনির্বাচন ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।


(এস এম আসাদুজ্জামান)

পরিচালক (জনসংযোগ)

ও যুগ্মসচিব (সিসি)

ফোন: ৫৫০০৭৫২০